# এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা ১ম পত্র (সৃজনশীল) বিষয় কোড : ২৩৯

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

১। রহিম সাহেবের পাঁচ বিঘা জমি রয়েছে। তিনি তার ও জমি চাষাবাদ করে এ বছর ১০০ মণ ধান, ১ মণ সরিষা উৎপাদন করেন। তিনি তার উৎপাদিত ফসল থেকে বার্ষিক খোবাকি রেখে উদ্বৃত্ত ফসল বিক্রি করে দেন। এতে তার ৭০,০০০ টাকা লাভ থাকে।


ক. NGO এর পূর্ণরূপ কী? ১

খ. 'কৃষি বাংলাদেশের মানুষের জীবন ও জীবিকার উৎস'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রহিম সাহেবের উৎপাদিত শস্যগুলো কোন ফসলের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ফসলের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

২। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. BARI এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশে উদ্যান ফসলের ক্ষেত্রফল ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে X চিহ্নিত স্থানের ফসলের উৎপাদন পরিস্থিতি বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে উল্লেখিত কৃষির ক্ষেত্রসমূহের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৩। আফতাব মিয়া একজন সচেতন কৃষক। সে নিয়মিত আর বীজ সরিষার ক্ষেত পরিচর্যা করে। সে কৃষি কর্মকর্তার কাছে জেনেছে যে,

http://teachingbd.com

সরিষার ফলন সার প্রয়োগের দক্ষতার উপর নির্ভর করে। সঠিক নিয়মকানুন মেনে চলায় তার জমিতে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণও খুবই কম।

ক. বীজ প্রক্রিয়াজাতকরণ কাকে বলে? ১

খ. রোগিং বলতে কী বোঝ? ২

গ. সার প্রয়োগের ক্ষেত্রে রহিম মিয়া কী কী নিয়মকানুন অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আফতাব মিয়ার জমিতে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ কম হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৪

৪। জলিল গত বছর তার বোরো ধানক্ষেতে জন্মানো কুটিপানা ও শ্যাওলা জমির মাটির সাথে মিশিয়ে দেওয়ায় ইউরিয়া সার কম লাগে ও ফলন বেশি হয়। জলিলের পদ্ধতি অনুসরণ করে ধানের উৎপাদন খরচ কমেছে ও ফসল বেশি হয়েছে। এ বছর অন্যান্য বোরো ধান চাষিরা সুফল পেয়েছে।


ক. অণুজীব সার কাকে বলে? ১

খ. অণুজীব সার কেন ব্যবহার করা হয়? ২

গ. জলিলের গৃহীত পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. জলিল ও অন্যান্য চাষিদের সুফল পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৫। নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. কুয়াশা কী? ১

খ. তুষারপাত বলতে কী বোঝ? ২

গ. গবাদিপশুর উপর X এর প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ. সঠিক উদ্যান ফসল কীভাবে X দ্বারা প্রভাবিত হয় তা তোমার নিজের ভাষায় বিশ্লেষণ কর। ৪

৬। রহমত আলী তার জমিতে নিজামী নামক এক জাতের ধানের আবাদ করছেন। তার পাশের জমির মালিক করিম তোলাসাইটা নামক জাতের ধানের আবাদ করেন। বছর শেষে তাদের দুজনেরই ফসল উৎপাদন ভালো হয়।

http://teachingbd.com

ক. দানাজাতীয় ফসল কী? ১

খ. দানাজাতীয় ফসলের বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত প্রথম ধানের ক্ষতিকর রোগসমূহ ও দমন ব্যবস্থা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত ২য় জাতের ধানের আধুনিক চাষপদ্ধতি বিশ্লেষণ কর। ৪

৭। কাজল একজন সফল শাকসবজি ব্যবসায়ী। তিনি শাকসবজি বাজারে নিয়ে খাওয়ার পূর্বে কিছু ব্যবস্থা গ্রহণ করেন। ফলে সেগুলো সতেজ থাকে। এরপর তিনি শাকসবজিগুলো পাটের বস্তায় না ভরে কাঠ ও হার্ডবোর্ডের বাক্সে ভরে বাজারে বিক্রির জন্য ট্রাকে করে নিয়ে যান। সবজি পাইকারি ক্রেতাদের নিকট বিক্রি করে তিনি লাভবান হন।

ক. গ্রেডিং কী? ১


খ. খাদ্যদ্রব্য ক্যানিংয়ের সময় টিনের উপরের অংশ বায়ুশূন্য করা হয় কেন? ২

গ. কামরুলের গৃহীত প্রথম পদক্ষেপটি ব্যাখ্যা কর। ৩

ঘ. কামরুলের লাভবান হওয়ার বিষয়টি মূল্যায়ন কর। ৪

teachingbd.com

৮। নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. ইরাডিয়েশন কী? ১

খ. ফল ও সবজি শুকিয়ে সংরক্ষণ করার পূর্বে সিদ্ধ করতে হয় কেন? ২

গ. উপরোক্ত ছকে B সংরক্ষণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. B সংরক্ষণ পদ্ধতিটি কী স্বাস্থ্যসম্মত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

http://teachingbd.com

# কৃষিশিক্ষা ১ম পত্র

বিষয় কোড : ২ ৩ ৯

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **BRAC কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ⓚ ১৯৭০ ⓚ ১৯৭১ ⓖ ১৯৭২ ⓖ ১৯৭৩

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
কৃষিবিদ নূর সাহেব তার গ্রামের কৃষকদের চাহিদা ও সমস্যা নিরূপণের পাশাপাশি সমাধানের জন্য একটি সভার আয়োজন করেন।

২. **উক্ত সভাকে কী বলে?**
ⓚ সামাজিক সভা ⓚ উঠান বৈঠক
ⓖ নাগরিক সভা ⓖ গ্রামীণ কৃষি সভা

৩. **এ ধরনের সভার টার্গেট দল হলো—**
i. প্রান্তিক কৃষক
ii. বর্গাচাষি
iii. ক্ষুদ্র কৃষক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i, ii ⓚ i, iii ⓖ ii, iii ⓖ i, ii ও iii

৪. **কোন ধরনের সেচ পাহাড়ি এলাকার জন্য উপযোগী?**
ⓚ ভূনিম্নস্থ সেচ ⓚ কন্টুর নালা পদ্ধতি
ⓖ ফোয়ারা পদ্ধতি ⓖ ড্রিপ/ট্রিকল পদ্ধতি

৫. **বাংলাদেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠান কতটি?**
ⓚ ১০টি ⓚ ১১টি ⓖ ১২টি ⓖ ১৩টি

৬. **পাটের কোন জাতটি পানিশূন্য অবস্থায় চাষ করা যায়?**
ⓚ দেশি ⓚ মেস্তা
ⓖ তোষা ⓖ কেনাফ

৭. **খাটো দিবসী উদ্ভিদ কোনটি?**
ⓚ মুলা ⓚ ছোলা
ⓖ আলু ⓖ সয়াবিন

৮. **হলদে মোজাইক তৈরির জন্য কোনটি দায়ী?**
ⓚ ভাইরাস ⓚ শৈবাল
ⓖ ছত্রাক ⓖ ব্যাকটেরিয়া

৯. **আমাদের দেশে শতকরা কত ভাগ জমিতে ধান চাষ করা হয়?**
ⓚ ৪০-৫০ ⓚ ৬০-৭০ ⓖ ৭০-৭৫ ⓖ ৮০-৮৫

১০. **তোষা পাটের ফুলের—**
i. বৃতি সবুজ
ii. পাপড়ি হলুদ
iii. আকার গোলাকার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i, ii ⓚ i, iii ⓖ ii, iii ⓖ i, ii ও iii

১১. **ক্ষারীয় মাটির অম্লমান কত?**
ⓚ ৫.৯ ⓚ ৬.০
ⓖ ৭.০ ⓖ > ৭.০

১২. **শাকসবজি শোধনে কোন গ্যাসের ধোঁয়া ব্যবহার করা হয়?**
ⓚ $CO_2$ ⓚ $SO_2$
ⓖ $H_2S$ ⓖ $N_2O$

১৩. **আমাদের দৈনিক শাকসবজির গড় চাহিদা মাথাপিছু কত গ্রাম?**
ⓚ ১০০ ⓚ ২০০
ⓖ ৩০০ ⓖ ৪০০

১৪. **কোনটি দিবস নিরপেক্ষ ফসল?**
ⓚ বার্লি ⓚ মুলা
ⓖ রসুন ⓖ শসা

১৫. **আউশ ধানের রোপণকাল কোনটি?**
ⓚ নভেম্বর-ডিসেম্বর ⓚ মার্চ-এপ্রিল
ⓖ জুন-জুলাই ⓖ জানুয়ারি-ফেব্রুয়ারি

১৬. **তিন মৌসুমে চাষের উপযোগী ধানের জাত—**
ⓚ দুলা ভোগ ⓚ বিপ্লব
ⓖ ময়না ⓖ শ্রাবণী

১৭. **মালচিং জমির—**
ⓚ পানি ধরে রাখে ⓚ আর্দ্রতা বের করে দেয়
ⓖ আর্দ্রতা ধরে রাখে ⓖ পুষ্টি সরবরাহে বাধা দেয়

১৮. **বাংলাদেশে সর্বোচ্চ বৃষ্টিপাত হয় কোথায়?**
ⓚ লালপুরে ⓚ লালখানে
ⓖ টেকনাফে ⓖ তেতুঁলিয়া

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
সবুজ ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত একটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলো। শ্রেণিকার্যক্রমের প্রথম দিন শিক্ষক তাদের বিশ্ববিদ্যালয় সম্পর্কে ধারণা দিলেন।

১৯. **সবুজ কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে?**
ⓚ শেকৃবি ⓚ বশেমুর কৃবি
ⓖ বাকৃবি ⓖ সিকৃবি

২০. **সবুজের কোন বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের মধ্যে আছে—**
i. স্নাতক
ii. প্রি-স্নাতক
iii. পিএইচডি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i, ii ⓚ i, iii ⓖ ii, iii ⓖ i, ii ও iii

২১. **বাংলাদেশকে মোট কতটি কৃষি অঞ্চলে ভাগ করা যায় কোন হয়েছে?**
ⓚ ২০ ⓚ ৩০
ⓖ ৩২ ⓖ ৩৪

২২. **তাপ প্রয়োগের মাধ্যমে সংরক্ষণ করা যায় কোন ফল?**
ⓚ আম ⓚ লিচু
ⓖ লেবু ⓖ কুল

২৩. **জেলি প্রস্তুতের সময় নিচের কোন এসিড মিশানো হয়?**
ⓚ সালফিউরিক ⓚ সাইট্রিক
ⓖ নাইট্রিক ⓖ নাইট্রাস

২৪. **মৌমাছি পালন বিদ্যাকে কী বলে?**
ⓚ সেরিকালচার ⓚ এপিকালচার
ⓖ পিসিকালচার ⓖ প্রনকালচার

২৫. **অণুজীব সারে অণুজীবসমূহ কীভাবে থাকে?**
ⓚ জীবিত ⓚ মৃত
ⓖ স্থির ⓖ অচল

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ |
| ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | | |

http://teachingbd.com